

তারিখ ... 0.5 JUN 1995 ..

পৃষ্ঠা ৮ কলাম ১

তোরের কাগজ

১২

লালমনিরহাটে গণশিক্ষা মহাসমাবেশ

দরিদ্র জনগণকে মানব সম্পদে পরিণত করাই সরকারের লক্ষ্য : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী খালেদা জিয়া বলেছেন, মানব উন্নয়নের জন্য সরকার শিক্ষাকে অধ্যাধিকার দেওয়ায় গত চার বছরে দেশে শিক্ষার হার প্রায় ১০ শতাংশ বেড়েছে। তিনি বলেন, সরকারের প্রধান লক্ষ্য দরিদ্র জনগণের অধিনন্তিক অবস্থার উন্নয়ন এবং তাদেরকে মানব সম্পদে, পরিণত করা। বাসন ও ইউএনবি।

লালমনিরহাট, জেলা গণশিক্ষা কর্মসূচির শেষ পর্যায় উদ্বোধন উপলক্ষে স্থানীয় কামুটীরেট মাঠে লালমনিরহাট গণশিক্ষা সংঘিতি আয়োজিত গণশিক্ষা মহাসমাবেশে প্রধানমন্ত্রী গতকাল ভাষণ দিছিলেন। গণশিক্ষা কর্মসূচির অধীনে সম্পত্তি নিরকরণের অভিশাপমূল্য হয়েছেন— লালমনিরহাটের এখন দুই লাখের বেশি লোক এই বিশাল সমাবেশে যোগ দেন। স্থানীয় শিক্ষক, বিভিন্ন রাজনৈতিক দলের নেতা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং সমিতির সদস্য ও ছাত্রাও সমাবেশে যোগ দেন। অন্যান্যের মধ্যে শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার, জিমিরউদ্দিন সরকার, ধর্ম ও জনশক্তিমন্ত্রী মীর শকেত আলী, সাংসদ শাহিদা সরকার, গণশিক্ষা সচিব কাজী ইকবেউদ্দিন আহমেদ, স্থানীয় আওয়ামী সীগ নেতা ও পৌরসভা চেয়ারম্যান একবুল হেসেন, স্থানীয় সিপিবি নেতা হাফিজ ফেরদৌস স্বপন সমাবেশে বর্ত্তা করেন।

প্রধানমন্ত্রী খালেদা জিয়া বলেন, দেশের মোট জনসংখ্যার দুই-তৃতীয়াংশ এখনো অশিক্ষিত। তাই পুরোপুরি শিক্ষিত একটি জাতি গড়তে এখনো অনেক সময় লাগবে। প্রধানমন্ত্রী নিরকরণ দূর করতে এগিয়ে আসার জন্য দলমত শির্ষিশেষে সবার প্রতি বিশেষ করে শিক্ষিত ও সম্পদশালীদের প্রতি উদাত্ত আহ্বান জানান। তিনি বলেন, শক্তি সময়ের মধ্যে সরকারের ক্ষেত্রে পক্ষে এ কাজ করা সম্ভব নয়। শিক্ষাকে অধিনন্তিক উন্নয়নের

দিকনির্দেশক শক্তি হিসেবে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, নিরকরণ দূরীকরণ তার সরকারের অঙ্গীকার। কারণ একটি শিক্ষিত জাতি কখনো দরিদ্র থাকতে পারে না। তিনি বলেন, বিশ্বের সকল শিক্ষিত জাতিই দারিদ্র্যমুক্ত। 'শিক্ষার জন্য ধাদা' কর্মসূচির সাফল্যের কথা 'উল্লেখ' করে প্রধানমন্ত্রী বলেন, এই কর্মসূচি বিভিন্ন দেশে একটি মডেলে পরিণত হয়েছে। অভিভাবকরা এখন উপর্যুক্ত একটি মডেলে তাদের সত্তানদের ক্ষেত্রে পাঠাচ্ছে। এর

ফলে বাড়তি ২১৪ লাখ ছাত্রাঙ্গী এখন বিভিন্ন ক্ষেত্রে পড়াশোনা করছে। সংশ্লিষ্ট কর্মকর্তারা বলেছেন, লালমনিরহাট জেলার সকল মানুষ আগামী ৩ মাসের মধ্যে নিরকরণের অভিশাপ থেকে মুক্ত হবে। প্রধানমন্ত্রী সমাবেশে আগত লোকজনের সঙ্গে আলাপ করেন এবং তাদের কুশল জানতে চান। প্রধানমন্ত্রী খালেদা জিয়া গণশিক্ষা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে এগিয়ে আসার জন্য লালমনিরহাটের জনগণকে অভিনন্দন জানান।



প্রধানমন্ত্রী খালেদা জিয়া গতকাল শনিবার লালমনিরহাটের একটি দৈশ বিদ্যালয়ে একজন শিশুর সেখাপড়ার অধিগতি দেখছেন।